

এসএমসি, পিটিএ, জনপ্রতিনিধি, শিক্ষক, অভিভাবক, এলাকার গণ্যমান্য ব্যক্তিবর্গ সমন্বয়ে প্রাথমিক শিক্ষার মান উন্নয়ন সম্পর্কিত সভার আয়োজন করা হয়। উক্ত সভায় শিক্ষার্থী উপস্থিতি বৃদ্ধির নিমিত্তে আমি(প্রকল্প প্রস্তুতকারী) মোবাইলের মাধ্যমে অনুপস্থিত ছাত্র-ছাত্রীর অনুপস্থিতির কারণ অনুসন্ধান করার জন্য প্রস্তাব করি এবং স্থানীয়ভাবে মোবাইল বিল পরিশোধ করার জন্য সভাকে অনুরোধ করি। সভায় এ বিষয়ে আলোচনা, সিদ্ধান্ত গ্রহণ ও দায়িত্ব বন্টন করা হয়। সভায় একটি বিদ্যালয়ের সভাপতি ব্যক্তিগত পক্ষ থেকে মোবাইল বিল পরিশোধ করার ঘোষণা প্রদান করেন এবং অন্য দুইটি বিদ্যালয়ে এসএমসি মোবাইল বিল পরিশোধ করার সিদ্ধান্ত গৃহীত হয়। হাজিরা নেওয়ার পর শ্রেণিশিক্ষক প্রধান শিক্ষককে অনুপস্থিত ছাত্র-ছাত্রীর তালিকা প্রেরণ করেন। প্রধান শিক্ষক অনুপস্থিত ছাত্র-ছাত্রীর অভিভাবকের সাথে মোবাইলে যোগাযোগ করে অনুপস্থিতির কারণ অনুসন্ধান করেন। এতে শিক্ষার্থীর উপস্থিতি উল্লেখযোগ্য হারে বৃদ্ধি পায়। প্রত্যেক এসএমসির সভায় বিষয়টির অগ্রগতি পর্যালোচনা করা হয়। মা/অভিভাবক সমাবেশে সকলকে অবহিত করা হয়। প্রকল্পগুলো নিম্নোক্ত তিনটি বিদ্যালয়ে বাস্তবায়ন করা হয়। বিদ্যালয়গুলো হলোঃ-

১। নাগাইশ সরকারী প্রাথমিক বিদ্যালয়।

২। নাইঘর সরকারী প্রাথমিক বিদ্যালয়।

৩। হরিমঙ্গল সরকারী প্রাথমিক বিদ্যালয়।

দেশের অন্যান্য প্রাথমিক বিদ্যালয়ে স্থানীয় সহযোগিতায় অথবা স্থানীয় সহযোগিতার পাশাপাশি সরকারের স্বল্প অর্থ ব্যয়ে প্রকল্পটি বাস্তবায়ন করা যেতে পারে।